কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 26 AUGUST 2026 ,WEDNESDAY | ২৬ আগস্ট ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-263


## নাবালিকাকে ধর্ষণ, গ্রেফতার ২




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট :** এক আদিবাসী নাবালিকাকে ধর্ষণের ঘটনায় দুজনকে গ্রেফতার করেছে শামুকতলা থানার পুলিশ। অভিযুক্ত দুজনকেই আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে মঙ্গলবার বেলা একটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে রবিবার রাত সাড়ে এগারোটা নাগাদ ধর্ষিতা হয় ওই নাবালিকা। নাবালিকার মা মানসিক ভারসাম্যহীন । তার বাবা কর্মসূত্রে বাইরে থাকে। নাবালিকা কন্যা একাই থাকে তার বাড়িতে। রবিবার রাত সাড়ে ১১ টা নাগাদ নাবালিকা ঘরে ঢুকে তুরষা মারান্ডী ওরফে ভোলা। বাইরে থেকে পাহারা দেয় বিক্রম কিসকু ওকে ভালা। ভোলা ধর্ষণ করার পর তার বন্ধু ভালা কে পাঠায় ধর্ষণ করার জন্য। মাঝপথেই কোনভাবে হালার কাছ থেকে পালিয়ে যায় নাবালিকা পাশের বাড়িতে। সোমবার সন্ধ্যায় বিষয়টি নিয়ে অভিযোগ দায়ের হয় পুলিশের কাছে আর এর পরেই পুলিশ তাদেরকে গ্রেফতার করে। মঙ্গলবার দু'জনকেই আলিপুরদুয়ার জেলা আদালতের পাঠায় পুলিশ তাদের বিরুদ্ধে সিক্র পক্র মামলা শুরু করেছে।

## দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বিভিন্ন বাজার পরিদর্শন কোচবিহার জেলা পুলিশের



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৫ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশ সর্বদাই নিরাপদ ও সুরক্ষিত সমাজ গড়তে তৎপর । সাধারণ মানুষের স্বার্থে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির প্রেক্ষিতে কোচবিহার জেলার বিভিন্ন বাজারে আজ কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে একাধিক অভিযান ও পরিদর্শন চালানো হয়। পুলিশের পক্ষ থেকে এই অভিযান চালানোর বিভিন্ন দোকান ও বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যসহ বিভিন্ন দ্রব্যের সঠিক বিক্রয়মূল্য খতিয়ে দেখা হয়। এর পাশাপাশি বাজারের সামগ্রিক পরিস্থিতির উপর নজরদারি চালানো হয় এবং পণ্যের মূল্য সংক্রান্ত তথ্য যাচাই করা হয়।পুলিশের এক আধিকারিকের কথায়, সাধারণ মানুষ যাতে ন্যায্য মূল্যে প্রয়োজনীয় পণ্য ক্রয় করতে পারেন, সেই লক্ষ্যে জেলার বিভিন্ন বাজারে এ ধরনের নজরদারি অব্যাহত থাকবে।

# পুলিশের উদ্যোগে জনসংযোগ ও সচেতনতা মূলক কর্মসূচি



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট :** আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম থানার অন্তর্গত বারোবিশা ফাঁড়ির পুলিশ কর্মীদের উদ্যোগে মঙ্গলবার লস্করপাড়া গ্রামে আয়োজিত হয় জনসংযোগ ও সচেতনতামূলক কর্মসূচি। জানা গেছে এদিনের কর্মসুচিতে বাল্য বিবাহের কুফল,মাদকাসক্তি,সাইবার ক্রাইম প্রভৃতি বিষয়ে বাসিন্দাদের সচেতন করা হয়। বাসিন্দাদের বিভিন্ন সমস্যার কথা শোনা হয় ও সেগুলি সমাধানের লক্ষ্যে আলোচনা করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে এলাকার হাট, বাজার, বিদ্যালয়, জনবসতি গুলিতে নিয়মিত এই কর্মসূচি চালানো হচ্ছে।

# খুন নাকি আত্মহত্যা ,শুরু হলো তদন্ত




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৫ আগস্ট :** জয়গাঁ তে ভাড়া বাড়ি থেকে ৫০ বছর বয়সি ব্যক্তির মৃতদেহ উদ্ধার । ভাড়া বাড়িতে কি তিনি খুন হয়েছেন নাকি অন্য কোন ঘটনা আছে ? আলিপুরদুয়ার জেলার জয়গাঁ শহর থেকে বড় খবর সামনে আসছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, জয়গাঁওয়ের রায়গাঁও মঙ্গলাবাড়ি এলাকায় একটি ভাড়া বাড়ি থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়েছে।জানা গিয়েছে, মৃত ব্যক্তির নাম সজল পাল, বয়স আনুমানিক ৫০ বছর। তিনি মূলত কোচবিহারের বাসিন্দা বলে জানা গিয়েছে। গত কয়েক বছর ধরে তিনি স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে জয়গাঁওয়ের ওই ভাড়া বাড়িতে বসবাস করছিলেন।স্থানীয় সূত্রে খবর, ঘটনার সময় তাঁর স্ত্রী কোনও কাজে ব্যস্ত ছিলেন। সেই সময় স্বামীকে অস্বাভাবিক অবস্থায় দেখতে পান তিনি। এরপর বিষয়টি জানাজানি হতেই ঘটনাস্থলে স্থানীয় বাসিন্দাদের ভিড় জমে যায়।খবর পেয়ে জয়গাঁও থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশ মৃতদেহ উদ্ধার করে কালচিনির উত্তর লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যায়। সেখানে কর্তব্যরত চিকিৎসক সজল পালকে মৃত বলে ঘোষণা করেন। তবে কীভাবে তাঁর মৃত্যু হয়েছে, তা এখনও স্পষ্ট নয়। মৃত্যুর প্রকৃত কারণ জানতে পুলিশ তদন্ত শুরু করেছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে আসার পরই মৃত্যুর আসল কারণ স্পষ্ট হবে বলে জানা যাচ্ছে।

# আলিপুরদুয়ার জেলা হাসপাতাল পরিদর্শন করলেন দমকল বিভাগের আধিকারিকরা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ২৫ আগস্ট :** আলিপুরদুয়ার জেলা হাসপাতাল পরিদর্শন করলেন আলিপুরদুয়ার দমকল বিভাগের আধিকারিক থেকে শুরু করে বিভিন্ন প্রশাসনিক কর্তারা। তারাপীঠে ৯ জনের মৃত্যুর পরেই টনক নড়েছে আলিপুরদুয়ার জেলা প্রশাসনের। গত কয়েকদিন ধরে আলিপুরদুয়ার জেলার হোটেল রেস্তোরা গুলিতে পরিদর্শন করেন প্রশাসনিক কর্তারা। মঙ্গলবার আচমকাই দমকল বিভাগের আধিকারিক থেকে শুরু করে পি ডব্লিউ ডি দপ্তরে আধিকারিকরা যৌথভাবে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের বিভিন্ন কক্ষ পরিদর্শন করেন। মূলত হাসপাতালে অগ্নি নির্বাপক ব্যবস্থা কেমন আছে কোন দুর্ঘটনা ঘটলে কোন পথে কিভাবে তার মোকাবিলা করা যাবে সেই সমস্ত বিষয়গুলি খতিয়ে দেখেন তারা। আলিপুরদুয়ার জেলার দমকল বিভাগের আধিকারিক রাজীব দাস জানিয়েছেন তিনি রিপোর্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দিবেন।



# এক্সপ্রেস ট্রেনের এসি কামরা থেকে গাঁজা সহ গ্রেপ্তার দুই মহিলা





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৫ আগস্ট :** শিলিগুড়ি জিআরপি এর স্পেশাল অপারেশন গ্রুপ ও নিউ জলপাইগুড়ি স্টেশনের সাদা পোষাকের রেল পুলিশ মঙ্গলবার সকালে গোপন সূত্রে খবর পায় ডাউন রানী কমলাপতি এক্সপ্রেস ট্রেনের বাতানুকুলিত বি ২ কামরায় দুই মহিলা যাত্রী পাঁচারের উদ্দ্যেশ্যে গাঁজা পরিবহন করছে। খবর পেয়ে অভিযানে নামে এস ও জি ও সাদা পোষাকের রেল পুলিশ। ট্রেনটি স্টেশনে পৌঁছানোর সাথে সাথে তারা বি ২ কামরায় অভিযান চালান। নির্দিষ্ট দুই মহিলাকে আটক করে তাদের সাথের ট্রলি ব্যাগ ও পিঠ ব্যাগে তল্লাশী চালিয়ে উদ্ধার করা হয় সতেরো কেজি গাঁজা। গ্রেপ্তার করা হয় দুই মহিলাকে।তাদের নাম ফুলমালা দেববর্মা (২০) ও রিয়া দেববর্মা (২৬), দুজনেই ত্রিপুরার বাসিন্দা। ধৃতদের মঙ্গলবার জলপাইগুড়ি আদালতে পেশ করে পুলিশ রিমান্ডের আবেদন জানানো হয়। ধৃত দুই মহিলার সাথে আন্ত রাজ্য গাঁজা পাচার চক্রের যোগ আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

# মালদহ শহরের পঁচিশটি রেস্তোরাঁয় অভিযান খাদ্য সুরক্ষা দপ্তরের , মিললো বাসি পচা খাবার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৫ আগস্ট :** মালদহ জেলা খাদ্য সুরক্ষা দপ্তরের পক্ষ থেকে মঙ্গলবার শহরের পঁচিশটি রেস্তোরাঁয় অভিযান চালানো হয়। অভিযান শেষে খাদ্য সুরক্ষা দপ্তরের পক্ষ থেকে জানানো হয় অভিযানে বেশ কয়েকটি রেস্তোরাঁয় পঁচা ও বাসি খাবার পাওয়া গিয়েছে। পাশাপাশি বেশ কিছু অনিয়ম লক্ষ্য করা গিয়েছে। অধিকাংশ রেস্তোরাঁয় মানা হচ্ছেনা খাদ্য তৈরির স্বাস্থ্য বিধি। এদিন অভিযানে যেসব রেস্তোরাঁয় অনিয়ম লক্ষ্য করা গেছে সেগুলির মালিকদের নির্দিষ্ট সময় সীমা বেঁধে দেওয়া হয়েছে, এর মধ্যে সমস্ত অনিয়ম শুধরে নেবার জন্য। পরবর্তীতে অনিয়ম পাওয়া গেলে কঠোর পদক্ষেপ গ্রহন করা হবে বলেও তাদের সতর্ক করে দেওয়া হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |